

প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ব্যক্তিগতভাবে এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানান। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের জনগণের প্রতি তাঁর ব্যক্তিগত ভালবাসা আছে বলেই তিনি এখানে এসেছেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ থেকে প্রায় ৬ হাজার শিক্ষার্থী গ্রাজুয়েট এবং পোস্ট গ্রাজুয়েট শিক্ষা সনদ গ্রহণ করেন। এছাড়া ৬ শিক্ষার্থী তাদের ভাল ফলের জন্য স্বর্ণপদক গ্রহণ করেন।

রাষ্ট্রপতি গ্রাজুয়েটদেরকে দেশের গুরুত্বপূর্ণ মানব সম্পদ হিসেবে উল্লেখ করে তাদের উদ্দেশ্য বলেন, দেশকে উচ্চতর স্তরে নিয়ে যেতে তোমাদেরকে সহায়তা করতে হবে। তোমরা দেশ ও জাতির কাছে ঋণী। তোমরা তোমাদের অর্জিত জ্ঞান ও মেধা দিয়ে দেশের সেবা করতে পারলে তবেই দেশ ও জাতির প্রতি তোমাদের ঋণ কিছুটা হলেও পরিশোধ হবে।

রাষ্ট্রপতি শিক্ষার সঙ্গে আনন্দ-বিনোদনের সংমিশ্রণের ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষায় অবশ্যই জনগোষ্ঠীর প্রতি ভালবাসা, মানবিকতা, সংস্কৃতি, ঐতিহ্য ও প্রযুক্তিভিত্তিক কৌশল থাকতে হবে। তিনি বলেন, 'সৃষ্টিশীল ও আলোকিত মানুষ তৈরি হয় এমন শিক্ষাই আমাদের দরকার, সার্টিফিকেটনির্ভর অথবা পাঠ্যপুস্তক পড়ুয়া ও গাইড বই মুখস্থ করা বিদ্যা নয়।'

সরকার উচ্চ শিক্ষার উন্নতির দিকে যথেষ্ট গুরুত্বারোপ করছে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দেশের সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়ে নিজেস্ব ক্যাম্পাসে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন-২০১০ প্রণয়ন করা হয়।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান মোহাম্মদ মিজানুর রহমান ও ডিসি ড. মোহাম্মদ সামাদ বক্তৃতা করেন।

## দরিদ্র ও

(২০-এর পৃষ্ঠার পর)

মাহাথির বিন মোহাম্মদের উপস্থিতি। তিনি সমাবর্তন বক্তা হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

রাষ্ট্রপতি আব্দুল হামিদ বাংলাদেশ সফরে আসার জন্য মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথিরের



রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস-এর সমাবর্তনে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদকে ফ্রেস্ট উপহার দেন

## দরিদ্র ও মেধাবীদের উচ্চ শিক্ষায় সুযোগ সৃষ্টি করুন

রাষ্ট্রপতি আব্দুল হামিদ দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা যাতে উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারে এ জন্য স্কলারশিপের সংখ্যা বাড়াতে বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

রাষ্ট্রপতি ধনী পরিবারের সন্তানদের পাশাপাশি দরিদ্র পরিবারের সন্তানরা যাতে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ পায়, এ বিষয়টি বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। খবর বাসসর।  
রাষ্ট্রপতি শনিবার রাজধানীর

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয়

## ইউআইটিএস-এর সমাবর্তনে রাষ্ট্রপতি

সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ প্রদানকালে এ কথা বলেন। অনুষ্ঠানে অন্যতম আকর্ষণ ছিল মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. (১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)